17

দৈনিক বাংলা

তারিখ ... 26 JUN 1995
পৃষ্ঠা 9 কলাম 4

# ২০ ছাত্রের ভর্তি সম্পর্কে এডমিশন কমিটি সিদ্ধান্ত নেবে ঃ ভিসি

**স্টাফ রিপোর্টার ঃ** ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর এমাজউদ্দিন আহমেদ বলেছেন, শুধুমাত্র মানবিক দিক বিবেচনা করেই বিভিন্ন বোর্ডের ২০ জন কৃতী ছাত্রছাত্রীকে বিশ্ববিদ্যালয়ে

(৪-এর পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

(প্রথম পৃষ্ঠার পর) **ভিসি**

ভর্তির জন্য বিশেষ পদক্ষেপ নেয়া হয়েছে। তিনি বলেন, পরীক্ষায় ভাল রেজাল্ট করার জন্য যেসব ছাত্রছাত্রী জাতীয় পর্যায়ে সংবর্ধিত হয়েছে তাদের জীবন থেকে একটি বছর মুছে যাওয়া কাম্য নয়।

তিনি রোববার বিশ্ববিদ্যালয়ের বাণিজ্য অনুষদের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ না করা ২০ জন ছাত্রছাত্রীর ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি সংক্রান্ত বিষয়ে এক সাংবাদিক সম্মেলনে বক্তৃতা দেন।

বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর ভবনে অনুষ্ঠিত সাংবাদিক সম্মেলনে প্রফেসর এমাজউদ্দিন আহমেদ বলেন, এসব ছাত্রছাত্রীর ভর্তি সংক্রান্ত বিষয়ে আজ সোমবার বিশ্ববিদ্যালয়ের জেনারেল এডমিশন কমিটির বৈঠকে সিদ্ধান্ত নেয়া হবে।

তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ে ভর্তি সংক্রান্ত সকল বিষয় নির্ধারিত হয় একাডেমিক কাউন্সিল এবং ভর্তি কমিটির সভায়। ঐসব কমিটির সভার সিদ্ধান্তই চূড়ান্ত। এসব ক্ষেত্রে শিক্ষক সমিতির কোন ভূমিকা থাকে না।

ভাইস চ্যান্সেলর বলেন, বিশ্ববিদ্যালয় ভর্তি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী তিনি ইতিপূর্বে বাণিজ্য অনুষদের ডীন ও ৪ জন বিভাগীয় চেয়ারম্যানের সাথে আলোচনা করে উক্ত ছাত্রছাত্রীদের কয়েকটি শর্তসাপেক্ষে বিশেষ ভর্তি পরীক্ষার মাধ্যমে ভর্তি করার সিদ্ধান্ত গ্রহণ করেন। বাণিজ্য অনুষদের ডীন ও সংশ্লিষ্ট চেয়ারম্যানদের বিষয়টি চিঠি দিয়ে জানিয়ে দেয়া হয়। সে অনুযায়ী গত ৯ জুন বিশেষ ভর্তি পরীক্ষার তারিখ ধার্য হয়। কিন্তু পরবর্তীতে শিক্ষক সমিতির কার্যকরী পরিষদ বিশেষ পরীক্ষা নেয়ার মাধ্যমে ভর্তির ব্যাপারে আপত্তি জানায়।

ভাইস চ্যান্সেলর বলেন, গত ৭ জুন শিক্ষক সমিতির সভাপতি, সম্পাদক এবং কার্যকরী পরিষদের কয়েকজন সদস্য তাকে প্রশাসনিক নির্দেশের মাধ্যমে উক্ত ছাত্রছাত্রীদের ভর্তি করার পরামর্শ দেন। শিক্ষক সমিতির প্রতি সম্মান দেখিয়ে সংশ্লিষ্ট বিভাগের চেয়ারম্যানদের সাথে আলোচনা করেই ভর্তি পরীক্ষা ছাড়া ২০ জন ছাত্রছাত্রীকে ভর্তির জন্য তিনি সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যানদের অনুরোধ করেছেন বলে জানান।

এক প্রশ্নের জবাবে ভাইস চ্যান্সেলর বলেন, ভর্তির অযোগ্য কোন ছাত্রীকে তিনি ভর্তির অনুরোধ করেননি। ২০ জন ছাত্রছাত্রীর মধ্যে একমাত্র ছাত্রী কাজী ফারজানা হক রাজশাহী বোর্ড থেকে এ বছর এইচএসসি পরীক্ষায় মেধা তালিকায় ১৬তম স্থান অধিকার করে উত্তীর্ণ হয়েছে। এছাড়া কুমিল্লা বোর্ডের প্রথম, দ্বিতীয়, তৃতীয় এবং যশোর বোর্ডের প্রথম ও দ্বিতীয় স্থান অধিকারীরা এই তালিকায় রয়েছে।

ভাইস-চ্যান্সেলর বলেন, মফস্বল থেকে আসা এই মেধাবী ছাত্রছাত্রীদের বিশ্ববিদ্যালয়ে ভর্তি করা একজন শিক্ষক হিসাবে তার নৈতিক দায়িত্ব মনে করেই তিনি এই পদক্ষেপ গ্রহণ করেন।

## শিক্ষক সমিতি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার জানান, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সভায় বিশ্ববিদ্যালয়ের প্রচলিত ভর্তির নিয়মকানুন ব্যতিরেকে অন্য যে কোন উপায়ে ছাত্র ভর্তির বিরোধিতা করা হয়।

রোববার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাবে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন সমিতির সভাপতি প্রফেসর এ টি এম জহুরুল হক।

সভায় বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তি নষ্ট হবে এমন নিয়ম মানা হবে না বলে কয়েকজন শিক্ষক মত প্রকাশ করেন। রাষ্ট্রবিজ্ঞান বিভাগের প্রফেসর এম মোস্তফা চৌধুরী বলেন, এ ধরনের ভর্তি পুরো ভর্তি প্রক্রিয়াকে কলংকিত করবে। অপর দিকে, অন্য কয়েকজন শিক্ষক ২০ জন ছাত্রের ভর্তির পক্ষে মানবিক যৌক্তিকতা বিশ্লেষণ করে বক্তৃতা করেন। সকাল ৮টা থেকে বেলা ১১টা পর্যন্ত অনুষ্ঠিত সভায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পর্যায়ের শিক্ষকগণ উপস্থিত ছিলেন।